গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নথি নং-৩৩.০১.০০০০.১১০.৫৩.০২৭.১৫- ৩৭৬ তারিখ: ০৭ ৫/২০২০ খ্রী.

প্রাপক
সাদিক
রেজিষ্ট্রেশন নম্বর-১১৪৮০০
৭ নং নবীনগর হাউজিং, লোহার গেট
বেড়িবাঁধ, মোহাম্মদপুর, ঢাকা।

বিষয় : ST Genetics, USA থেকে ১০০% ফ্রিজিয়ান জাতের ৩০০০ (তিন হাজার) মাত্রা হিমায়িত সীমেন (Semen) আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ ডেইরী ফার্মার্স এসোসিয়েশন, ৭ নং লোহার গেইট, মোহাম্মদপুর, ঢাকা এর ১৬/০২/২০২০ খ্রি: তারিখের আবেদন পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমদানী নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬(৪১)(৪৬)(৪৭) ও National Livestock Policy-2007, পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা এবং বিধিমালা-২০০৮, বিদ্যমান Breeding Policy, পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এবং বেসরকারী পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর শর্তাবলী অনুসরণপূর্বক বাংলাদেশ ডেইরী ফার্মার্স এসোসিয়েশন এর তালিকাভুক্ত খামারিদের নিজস্ব ডেইরী ফার্মে দুগ্ধজাত গাভীর জাত উন্নয়নের জন্য সাদিক, রেজিষ্ট্রেশন নম্বর-১১৪৮০০,৭ নং নবীনগর হাউজিং, লোহার গেট, বেড়িবাঁধ, মোহাম্মদপুর, ঢাকাকে ST Genetics, USA থেকে ১০০% ফ্রিজিয়ান জাতের ৩০০০ মাত্রা হিমায়িত সীমেন (Semen) আমদানির অনুমতি নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে আমদানী করার জন্য অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

১। আমদানিতব্য ফ্রিজিয়ান জাতের হিমায়িত বীজ (Semen)শুধুমাত্র বাংলাদেশ ডেইরী ফার্মার্স এসোসিয়েশন এর তালিকাভুক্ত খামারির নিজস্ব ডেইরী ফার্মে দুগ্ধজাত গাভীর জাত উন্নয়নের জন্য ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই আমদানিকৃত হিমায়িত বীজ (Semen) এবং এ থেকে উৎপাদিত বকনা বা ষাড়ঁ অথবা ষাড়েঁর সিমেন নিজস্ব খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।

২। আমদানিতব্য ফ্রিজিয়ান জাতের হিমায়িত বীজ (Semen) বিতরণের পূর্বে নির্বাচিত খামারিদের তালিকা প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে এবং সিমেন বিতরণের মাস্টাররোল প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করতে হবে।

৩ হিমায়িত বীজ (Semen) আমদানীর পূর্বে ষাঁড় সমূহের Pedigree & Performance প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।

৪। আমদানীতব্য হিমায়িত বীজ (Semen) এর ক্ষেত্রে অনুমোদিত ব্রিডিং নীতিমালা অনুসারে হিমায়িত বীজ (Semen) উৎপাদনকারী/প্রদানকারী ব্রিড বা জাতের ষাড়ঁ অবশ্যই Proven Bull হতে হবে এবং হিমায়িত বীজ (Semen) উৎস দেশের Breeding Society কর্তৃক Proven Bull হিসেবে অনুমোদিত হতে হবে।

৫। হিমায়িত বীজ (Semen) রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সিমেন উৎপাদনকারী Bull সমূহের স্বাস্থ্য সনদ থাকতে হবে এবং বন্দরে পৌছার সাথে সাথে সরকার অনুমোদিত পরিক্ষাগারে সিমেন এর গুণগত মান পরীক্ষা করাতে হবে।

৬। প্রজনন কার্যক্রম শুরুর পূর্বেই আমদানীকৃত সিমেনের গুণগত মান কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী, সাভার, ঢাকা হতে পরীক্ষান্তে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

৭। প্রাণিসম্পদ অধিদপ্তরের জনবল দ্বারা গাভী প্রজনন করাতে হবে।

৮ ।হিমায়িত বীজ (Semen) আমদানীর পর হিমায়িত বীজ (Semen) খরচ এবং কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

৯। উল্লিখিত হিমায়িত বীজ (Semen) আমদানির অনুমোদন কোন অবস্থাতেই ভবিষ্যতে আমদানির ক্ষেত্রে Reference হিসেবে গ্রহণযোগ্য হবে না।

১০। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

১১। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

১২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

১৩। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগীতা করবেন।

১৪। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৫। এ আদেশে বর্ণিত সকল শর্তসমূহ পরিপালন করা হবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুড়িশিয়াল ষ্ট্যাম্পে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে অঙ্গীকারনামা দিতে হবে।

১৬। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৭। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

(ডা. আবদুল জব্বার শিকদার)
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
E-mail: dgdls16@gmail.com

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:

১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
২। উপপরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, ডিএলএস, ঢাকা।
৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.....।
৪। সহকারী পরিচালক (এআই ল্যাব), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।
৫। কোয়ারেন্টাইন অফিসার, লাইভস্টক কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
৬। আইসিটি অফিসার, আইসিটি শাখা, ডিএলএস, ঢাকা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭। অফিস কপি।